

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৯৩(আগরতলা, ১১।৯)

সোনামুড়া, ১১ সেপ্টেম্বর, ২০১৯

দুর্গাপূজা উপলক্ষে সোনামুড়ায় সভা অনুষ্ঠিত

আসন্ন দুর্গাপূজা উপলক্ষে গত ৯ সেপ্টেম্বর সোনামুড়া টাউন হলে এক সভা অনুষ্ঠিত হয়। সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, মহকুমার বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির কর্মকর্তাগণ, জিলা পরিষদের সদস্য রতন দাস, বিশিষ্ট সমাজসেবী বিশ্বজিৎ দাস, স্বদেশ দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় আসন্ন দুর্গাপূজায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য মহকুমা শাসক সুব্রত মজুমদার সকলের প্রতি আহ্বান জানান। প্রশাসনের গাইড লাইন মেনে চাঁদা সংগ্রহ করা, বৈধ অনুমতি নিয়ে প্যাভেল তৈরী, বৈধ বৈদ্যুতিক সংযোগ নেওয়া, নির্ধারিত দিনে প্রতিমা বিসর্জন সহ শব্দ বাজি ব্যবহার না করা প্রভৃতি বিষয়ের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। বিদ্যুৎ, আরক্ষা দপ্তর ও দুষণ নিয়ন্ত্রণ পর্ষদের প্রতিনিধিগণ এদিনের সভায় নিজ নিজ দপ্তরের ভূমিকা ও পূজা কমিটিরগুলির আচরণবিধি সম্পর্কে অবহিত করেন।
